



বাংলাদেশ মার্চেন্ট মেরিন অফিসার্স এসোসিয়েশন

Bangladesh Merchant Marine Officers' Association

(Trade Union Registration No: B-1834, ITF Affiliated Union No. BAN 014)



স্মারক নং-৫৮৯/২০২৫

তারিখঃ ২২/০৪/২০২৫ইং

“কার্যনির্বাহী পরিষদ ২০২৫-২০২৬”-এর নির্বাচন সাময়িক স্থগিত প্রসঙ্গে বিজ্ঞপ্তি।

এতদ্বারা বাংলাদেশ মার্চেন্ট মেরিন অফিসার্স এসোসিয়েশন (BMMOA)-এর সকল ভোটারদের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, গত ১৩/০৪/২০২৫ইং তারিখে বাংলাদেশ সুপ্রীম কোর্ট-এর হাইকোর্ট ডিভিশন রীট পিটিশন নাম্বার- ৬২৬২/২০২৫ মোকদ্দমায় বাংলাদেশ মার্চেন্ট মেরিন অফিসার্স এসোসিয়েশন (BMMOA)-এর “কার্যনির্বাহী পরিষদ ২০২৫-২০২৬” এর নির্বাচনী কার্যাবলীর উপর ৩ (তিন) মাসের স্থগিতাদেশ প্রদান করেন। উক্ত স্থগিতাদেশ-এর প্রেক্ষিতে এসোসিয়েশনের “কার্যনির্বাহী পরিষদ ২০২৫-২০২৬”-এর নির্বাচন পরবর্তী সিদ্ধান্ত না নেওয়া পর্যন্ত সাময়িক স্থগিত ঘোষণা করা হলো। আপনাদের এই সাময়িক অসুবিধার জন্য আমরা নির্বাচন সাব-কমিটির পক্ষ থেকে সকলের প্রতি আন্তরিকভাবে দুঃখ প্রকাশ করছি।

আমরা আপনাদেরকে এই মর্মে আশ্বস্ত করতে চাই যে, এসোসিয়েশনের বৃহত্তর স্বার্থে যতদূর সম্ভব গঠনতন্ত্র অনুযায়ী একটি অবাধ, নিরপেক্ষ, অংশগ্রহণমূলক ও সুষ্ঠু নির্বাচন অনুষ্ঠানের লক্ষ্যে নির্বাচন সাব-কমিটির উদ্যোগে নিজেদের মধ্যে সমঝোতা এবং/ অথবা আইনী প্রক্রিয়ার মাধ্যমে আমাদের আন্তরিক প্রচেষ্টা অব্যাহত থাকবে। এই মর্মে আপনাদের সকলের পক্ষ থেকে উদাত্ত সহযোগিতা কামনা করছি।

ধন্যবাদান্তে,

নৌ প্রকৌশলী মোঃ মেহেরুল করিম

চেয়ারম্যান

নির্বাচন সাব-কমিটি

বাংলাদেশ মার্চেন্ট মেরিন অফিসার্স এসোসিয়েশন

অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। পরিচালক (ট্রেড ইউনিয়ন, সালিশী ও প্রশিক্ষণ শাখা)-শ্রম অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা।
- ২। জনাব মোঃ গিয়াস উদ্দিন, পরিচালক, বিভাগীয় শ্রম দপ্তর, চট্টগ্রাম।
- ৩। জনাব মোহাম্মদ আব্দুস সাব্বির ভূইয়া, সহকারী পরিচালক, বিভাগীয় শ্রম দপ্তর, চট্টগ্রাম।
- ৪। সভাপতি/ সাধারণ সম্পাদক (মেয়াদোত্তীর্ণ), বাংলাদেশ মার্চেন্ট মেরিন অফিসার্স এসোসিয়েশন।
- ৫। বাংলাদেশ মার্চেন্ট মেরিন অফিসার্স এসোসিয়েশন-এর সকল সদস্যবৃন্দ।

Address: Portland Sattar Tower (3rd Floor), 1776, Strand Road, Barek Building, Agrabad C/A,
Chattogram-4100, Bangladesh. Tel: +8801711720036, +8801733938962

E-mail: president@bmmoa.org, info@bmmoa.org, Website: www.bmmoa.org